হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২০৫ ঃ মেহেরপুর- সোমবার ৪ আগষ্ট ২০২৫ ইং ঃ ২০ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ৯ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



'চকোলেট' সিনেমার শুটিং ঘিরে বিস্ফোরক অভিযোগ তনুশ্রীর -পৃষ্ঠা-৩

# কাঁটাতারের ও পারে বাবা, এপারে কন্যা

## সীমান্তে কাঁটাতার শুধু বিভাজন নয়. একটি সম্পর্কহারা জীবনের প্রতিচ্ছবি



রাব্বি আহম্মেদ

কাঁটাতারের এপারে দাঁড়িয়ে মেয়েটি অপেক্ষায় থাকে হয়তো দেখা মিলবে বাবার। ওপাশে পাখির মতো ছোট্ট যে বাড়িটা দেখা যায়, সেখানেই তার জন্ম, বাবা-মায়ের কোলজুড়ে বেড়ে ওঠা। কিন্তু এখন মাঝখানে শুধু কাঁটাতার নয়, সময়ের সঙ্গে জমে ওঠা দূরত্ব, নীরবতা আর অশ্রু। মেহেরপুর সীমান্ত যেন কেবল একটি ভূগোল নয়, এটি এক একটি হৃদয়ের দুই ভাগে বিভক্ত হওয়ার দলিল। সীমান্তের দুই পাড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা পরিবারগুলো আজ কাঁটাতারের নির্মমতায় পরিণত হয়েছে বিচ্ছিন্ন আত্মীয়তায়, অভিমানী চুপচাপ ভালোবাসায়। ২০০৫ সালে ভারত সরকার মেহেরপুর জেলার

২-এর পৃষ্ঠা দেখু




## শাদাত পেলেন মিডিয়া আইকনিক অ্যাওয়ার্ড

### কিশোর সমাজের সুরক্ষা ও ক্ষমতায়নের অগ্রদূত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ছাত্র শাহী আল শাদাত '৭১ মিডিয়া আইকনিক অ্যাওয়ার্ড ২০২৫'-এ (সোশ্যাল এন্ট্রেপ্রেনিউর) সামাজিক উদ্যোক্তা ক্যাটাগরিতে সম্মাননা অর্জন করেছেন। দেশের কিশোর-কিশোরীদের নিরাপত্তা ও ক্ষমতায়নের লক্ষ্যে তার নেতৃত্বাধীন টিমের ধারাবাহিক উদ্যোগ এবং উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ এই মর্যাদাপূর্ণ পুরস্কারটি তাকে প্রদান করা হয়। গত শুক্রবার ( ২৫ জুন) ঢাকার স্কাই সিটি হোটেলের ব্যাঙ্কোয়েট হলে এক জমকালো অনুষ্ঠানের আয়োজন করা হয়, যেখানে বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতি মীর হাসমত আলী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শাহী আল শাদাতের হাতে সম্মাননা তুলে দেন। বিচারপতির হাত থেকে পুরস্কার গ্রহণের মুহূর্তটি ছিলেন অত্যন্ত গর্ব ও আনন্দঘন। অনুষ্ঠানে দেশের বিভিন্ন ক্ষেত্রে বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বিশেষ অতিথিদের মধ্যে ছিলেন অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া, অধ্যাপক ড. হামিদা খানম, বিশিষ্ট সাংবাদিক মোঃ নূর উদ্দিন আহমেদ, বিশিষ্ট সমাজকর্মী রেজাবদ্দৌলা চৌধুরী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ফেরদৌস আরা, মনির খান, রবি

২-এর পৃষ্ঠা দেখু

## বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

গাংনী প্রতিনিধি


মেহেরপুরের গাংনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শওকত আলী (৫০) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। তিনি গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ভাটপাড়া গ্রামের মৃত ফরোতুল্লাহর ছেলে। স্থানীয়রা জানান, রোববার সকাল ১০টার দিকে শওকত আলী নিজ জমিতে সেচ দেওয়ার জন্য বিদ্যুৎচালিত সেচপাম্প চালু করতে যান। এ সময় সুইচ টিপতে গিয়ে অসাবধানতাবশত বিদ্যুতের একটি খোলা তার (কেবল) তার শরীরে স্পর্শ করলে তিনি তাৎক্ষণিক ভাবে বিদ্যুৎস্পৃষ্ট হন। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য

২-এর পৃষ্ঠা দেখু

## প্রভাবশালীদের ছায়ায় গোভিপুর মাদ্রাসা কমিটি? ণতান্ত্রিক পদ্ধতিতে পুনর্গঠনের দাবি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোভিপুর দাখিল মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটি গঠনকে কেন্দ্র করে উত্তেজনা ও অসন্তোষ দিনদিন বাড়ছে। স্থানীয় অভিভাবক, এলাকাবাসী এবং সচেতন মহলের দাবি, কমিটি গঠন প্রক্রিয়ায় মানা হয়নি কোনো নিয়মনীতি, হয়নি অংশগ্রহণমূলক আলোচনা কিংবা জনমত যাচাই। স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরেই গোভিপুর দাখিল মাদ্রাসার কমিটি গঠন নিয়ে কয়েকটি পক্ষ সক্রিয় ছিল। সম্প্রতি যে কমিটি ঘোষণা করা হয়েছে, তাতে বেশিরভাগ সদস্যই এক বিশেষ রাজনৈতিক ও সামাজিক গোষ্ঠীর সঙ্গে সম্পৃক্ত।



এলাকাবাসীর অভিযোগ, গোপনে ও একতরফাভাবে তফসিল ও সদস্য নির্বাচন সম্পন্ন করা হয়েছে, যেখানে স্থানীয়দের মতামত বা জবাবদিহিতা ছিল না। মাদ্রাসা পরিচালনায় দীর্ঘদিন প্রভাব খাটিয়ে আসা একাধিক ব্যক্তি এই কমিটির পেছনে সক্রিয় ভূমিকা রেখেছেন বলে জানান

২-এর পৃষ্ঠা দেখু



## প্রতিবন্ধী বিদ্যালয়সমূহের এমপিওভুক্তির দাবিতে স্মারকলিপি প্রদান

মেহেরপুর প্রতিনিধি

অটিস্টিক ও প্রতিবন্ধী বিদ্যালয়ের রাষ্ট্রীয় স্বীকৃতি ও এমপিওভুক্তির দাবিতে স্মারকলিপি প্রদান করেছে বাংলাদেশ প্রতিবন্ধী বিদ্যালয় সমন্বয় পরিষদ, মেহেরপুর জেলা শাখা। গতকাল রবিবার (৩ আগস্ট) দুপুরে জেলা প্রশাসকের মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টার কাছে এই স্মারকলিপি প্রদান করা হয়। এতে উপস্থিত ছিলেন

২-এর পৃষ্ঠা দেখু



## 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উদযাপনে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে সভা

মেহেরপুর প্রতিনিধি

'জুলাই গণঅভ্যুত্থান দিবস' যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে উদযাপন উপলক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার (৩ আগস্ট) দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন

২-এর পৃষ্ঠা দেখু




## ছাত্র-জনতার গণঅভ্যুত্থান দিবস পালনে জেলা প্রশাসকের প্রস্তুতি সভা

মেহেরপুর প্রতিনিধি

ছাত্র-জনতার ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস পালনের লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা পর্যায়ে বাস্তবায়ন কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (৩ আগস্ট) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম ও তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, গাংনী উপজেলার ইউএনও মো. আনোয়ার হোসেন, জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান, জেলা শিক্ষা অফিসার হযরত আলী ,

২-এর পৃষ্ঠা দেখু

## কুষ্টিয়ায় স্বামীকে বেঁধে স্ত্রীকে ধর্ষণের অভিযোগ, আটক ৫

কুষ্টিয়া প্রতিনিধি

খাবার হোটেলে কাজ শেষে স্বামী-স্ত্রী বাড়ি ফেরার পথে কুষ্টিয়ার ভেড়ামারার বারোমাইল এলাকায় এক নারী (২৪) সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন। এসময় তার স্বামীকে লিচু গাছে বেঁধে রাখে দুর্বৃত্তরা। ঘটনাটি ঘটেছে শনিবার (২ আগস্ট) দিবাগত রাত ১১টার দিকে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার বারোমাইল এলাকায়। পুলিশ এ ঘটনায় তাৎক্ষণিক ধর্ষণের অভিযোগে অভিযান চালিয়ে পাঁচজনকে আটক করেছে ভেড়ামারা থানা পুলিশ। আটককৃতরা হলেন ভেড়ামারা উপজেলার বাহিরচর ইউনিয়নের মসলেমপুর এলাকার মৃত মোজাম্মেল প্রামাণিকের ছেলে কালু প্রামাণিক (৪৬), ষোলদাগ এলাকার মোজাম্মেল

২-এর পৃষ্ঠা দেখু



## মুক্তিযোদ্ধা সংসদ জেলা ইউনিটের এডহক কমিটি অনুমোদন

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল মেহেরপুর জেলা ইউনিটের এডহক কমিটি গঠন এবং আনুষ্ঠানিক অনুমোদন দিয়েছে। সদ্য অনুমোদিত কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা। সদস্য সচিবের দায়িত্ব অর্পিত হয়েছে বীর মুক্তিযোদ্ধা রায়হানুল কবীরকে। ১১ সদস্য বিশিষ্ট এডহক কমিটির যুগ্ম আহ্বায়ক হিসেবে আছেন বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম মল্লিক। এছাড়া কমিটির সদস্যরা হলেনড়বীর মুক্তিযোদ্ধা

২-এর পৃষ্ঠা দেখু

## পাশের দেশে বসে ফ্যাসিস্ট হাসিনা ষড়যন্ত্র করছে: মির্জা ফখরুল

নিজস্ব প্রতিবেদক

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেছেন, বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'পাশের দেশে বসে' দেশের বিরুদ্ধে 'ষড়যন্ত্র' করছেন। তিনি এ অভিযোগ তুলে বলেন, "আমাদের পাশের দেশে ফ্যাসিস্ট হাসিনা তাদের লোকজন নিয়ে আশ্রয় নিয়েছে। সেখানে বসে তারা দেশের মধ্যে ষড়যন্ত্র করছে। তাদের সেসব ষড়যন্ত্র মোকাবিলা করতে হবে।" সোমবার (৩ আগস্ট) বিকেলে রাজধানীর শাহবাগে ছাত্রদল আয়োজিত 'জুলাই গণঅভ্যুত্থান, শোক ও বিজয়ের প্রথম বর্ষপূর্তি' উপলক্ষে এক ছাত্রসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব

২-এর পৃষ্ঠা দেখু



## ১৮ শিক্ষাপ্রতিষ্ঠানে পরিবেশবান্ধব উপকরণ বিতরণ জেলা পরিষদের "ক্লীন স্কুল, গ্রীন স্কুল" কর্মসূচি

মেহেরপুর প্রতিনিধি

পরিচ্ছন্ন ও সবুজ শিক্ষাঙ্গন গড়ে তুলতে "ক্লীন স্কুল, গ্রীন স্কুল" শীর্ষক কর্মসূচির আওতায় মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে জেলার ১৮টি শিক্ষা প্রতিষ্ঠানে পরিবেশবান্ধব উপকরণ বিতরণ করা হয়েছে। কর্মসূচির অংশ হিসেবে প্রতিটি প্রতিষ্ঠানে দেওয়া হয়েছে ৫টি করে গাছের চারা, একটি করে সুরক্ষিত বেড়া এবং একটি করে ডাস্টবিন। গাছের চারাগুলো রোপণ ও সংরক্ষণের জন্য প্রতিটি বিদ্যালয়ে গাছ ঘেরা বেড়া দেওয়া হয়েছে। পরিবেশবান্ধব এই উদ্যোগের মাধ্যমে

২-এর পৃষ্ঠা দেখু

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন

খবর (গাংনীতে পার্টের মাঠে ঘাটতি বীজের, খাতা ভর্তি সুবিধাভোগি।

খাতা ভর্তি সুবিধা ভোগি
আসল একটিও না?ই
সরকারি টাকা হরিলুট
আসল চাষি কি পায়।
সবাই করছে দুই নম্বরি
আসল কোথায় পাবে
পাটের বীজ খাতায় ভর্তি
বীজ যাচ্ছেনা মাঠে।
ট্রেনিং করছে ভোয়া চাষি
আসল থাকছে পড়ে
সার বীজ আর টাকা কড়ি
খাচ্ছে সবাই লূ?টে ।
হাজার তিনেক সুবিধাভোগী
লম্বা তাদের হাত
ভুয়া চাষীর পোয়া বারো
আসল চাষী সাট ।
আইনের আওতায় আনতে
হবে দেখতে হবে খতিয়ে
বিচার তাদের হতেই হবে
সাথে আছে যারা জড়িয়ে।




## জেলা জজ আদালতে তথ্য ও সেবা কেন্দ্র উদ্বোধন

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা জজ আদালতের উদ্যোগে 'তথ্য ও সেবা কেন্দ্র'-এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার (৩ আগস্ট) বিকেলে এক অনাড়ম্বর অনুষ্ঠানে সিনিয়র জেলা ও দায়রা জজ এস. এম. নাসিম রেজা ফিতা কেটে কেন্দ্রটির শুভ উদ্বোধন করেন। উদ্বোধন শেষে দেশ ও জাতির কল্যাণ এবং বিচার বিভাগের সার্বিক উন্নতির

২-এর পৃষ্ঠা দেখু

## ভৈরব নদে গোসলে গিয়ে দুই শিশুর মর্মান্তিক মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মুক্তারপুর গ্রামে রোববার দুপুরে ভৈরব নদে গোসল করতে নেমে দুই শিশু পানিতে ডুবে প্রাণ হারিয়েছে। নিহতরা হলেন মুক্তারপুর গ্রামের মো. সজিব হোসেনের ছেলে রিমন হোসেন (৬) এবং মো. জুয়েল মিয়ার ছেলে মো. জুনায়েদ হোসেন (৭)। তারা দুজনেই কুলতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী। প্রত্যক্ষদর্শীরা জানায়, বিদ্যালয় ছুটির পর রিমন, জুনায়েদ ও তাদের বন্ধু রাব্বি ভৈরব নদে গোসল করতে যায়। নদীর জাগ দেওয়া পাটের ওপরে

২-এর পৃষ্ঠা দেখু



## মুজিবনগরে রোগী বহনের সময় ছিনতাইয়ের চেষ্টা, পুলিশ দেখে পালালো দুর্বৃত্তরা

মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর-আনন্দবাস সড়কে একটি রোগী বহনকারী ভ্যানকে লক্ষ্য করে ছিনতাইয়ের চেষ্টা চালিয়েছে দুর্বৃত্তরা। সোমবার (৪ আগস্ট) রাত ৩টার দিকে কানাপুকুর মোড় এলাকায় এ ঘটনা ঘটে। তবে ঠিক সেই সময় টহলরত পুলিশ

২-এর পৃষ্ঠা দেখু




## কুষ্টিয়ায় বিজিবির অভিযানে ১৫ লাখ টাকার চায়না জাল ও মাদকদ্রব্য জব্দ

কুস্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া বিজিবি ৪৭ ব্যাটলিয়নের এর বিশেষ অভিযানে বিপুল পরিমাণ অবৈধ চায়না দুয়ারী জাল, হেরোইন ও সিলডিনাফিল ট্যাবলেট জব্দ করা হয়েছে। পৃথক দুটি অভিযানে এসব মাদকদ্রব্য ও সামগ্রী উদ্ধার করা হয়। জব্দকৃত মালামালের মোট মূল্য প্রায় ১৪ লাখ ৯০ হাজার

২-এর পৃষ্ঠা দেখু

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ২০ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ৪ আগষ্ট ২০২৫ইং

## ভালোবাসার টানে চুয়াডাঙ্গায় মালয়েশিয়ান তরুণী



চুয়াডাঙ্গা প্রতিনিধি

ভালোবাসার টানে সুদূর মালয়েশিয়া থেকে চুয়াডাঙ্গার জীবননগরে এসেছেন মালয়েশিয়ান তরুণী স্মৃতিনূর আতিকা বিনতে আব্দুল ওহাব (৩০)। তিনি বিয়ে করেছেন উপজেলার উথলী গ্রামের মালয়েশিয়া প্রবাসী রিংকু রহমান (৩২) কে। গতকাল রোববার (৩ আগস্ট) সকালে স্মৃতিনূর আতিকা জীবননগরের উথলী গ্রামের তেতুলতলা পাড়ায় স্বামীর বাড়িতে পৌঁছালে এলাকাজুড়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়। তাকে একনজর দেখতে সকাল থেকেই ভিড় জমাতে থাকেন কৌতূহলী প্রতিবেশীরা। এর আগে শনিবার (২ আগস্ট) সন্ধ্যায় তিনি ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে ফুল দিয়ে তাকে স্বাগত জানান রিংকু রহমান ও তাঁর পরিবারের সদস্যরা। দু’জনের প্রেমের সূচনা ২০১৮ সালে মালয়েশিয়ায় পরিচয়ের মধ্য দিয়ে। সেখানে রিংকু ছিলেন একটি কনস্ট্রাকশন কোম্পানিতে কর্মরত। পরিচয়ের কিছুদিন পর মোবাইল ফোনে কথাবার্তা এবং নিয়মিত যোগাযোগের মাধ্যমে তাদের মধ্যে গড়ে ওঠে প্রেমের সম্পর্ক। পরে দুই পরিবারের সম্মতিতে তারা চলতি বছরের ৩ জানুয়ারি মালয়েশিয়াতেই বিবাহবন্ধনে আবদ্ধ হন। রিংকু রহমান জানান, “আমি এখন ছুটিতে দেশে এসেছি। তাই স্ত্রীকেও বাংলাদেশে আসতে বলি। সে ছয় মাসের ছুটিতে এসেছে, এরইমধ্যে তিন মাস পার হয়েছে। ছুটি শেষে স্ত্রীকে নিয়ে আবার মালয়েশিয়ায় ফিরে যাব।” রিংকুর পিতা জিনারুল মল্লিক বলেন, “ছেলের পছন্দকে সম্মান জানিয়েই আমরা এ

৩-এর পৃষ্ঠা দেখু

জীবন ধারা



## সুখী দাম্পত্য জীবনের রহস্য

সূর্যোদয় প্রতিবেদন

দাম্পত্য জীবন শুধুমাত্র সামাজিক বন্ধন নয়ড়এটি এক আন্তরিক, জটিল ও দায়িত্বপূর্ণ যাত্রা। ভালোবাসা, বোঝাপড়া, শ্রদ্ধা ও সহানুভূতির সমন্বয়েই একটি সম্পর্ক হয়ে ওঠে সার্থক, সুখী এবং অনুকরণীয়। মনোবিজ্ঞানী ও সমাজ বিশ্লেষকদের মতে, সফল দম্পতিদের কিছু সাধারণ বৈশিষ্ট্য থাকে যা তাঁদের দাম্পত্য জীবনকে দীর্ঘস্থায়ী করে তোলে। নিচে তুলে ধরা হলো এমন কয়েকটি গুরুত্বপূর্ণ দিক, খোলামেলা যোগাযোগ : সুখী দাম্পত্য জীবনের প্রথম শর্তড় পারস্পরিক খোলামেলা আলোচনা। সফল দম্পতিরা নিজের মনের কথা বিনা সংকোচে প্রকাশ করেন। বিরোধপূর্ণ বিষয়েও তাঁরা আলোচনার মাধ্যমে সমাধানে পৌঁছাতে সচেষ্ট থাকেন। এতে বিশ্বাসের ভিত্তি মজবুত হয় এবং মানসিক দূরত্ব তৈরি হয় না। সহানুভূতি ও সমঝোতা: জীবনযাত্রার ভিন্নতা, মতের অমিল বা আচরণগত পার্থক্যড়সবই সম্পর্কের অংশ। কিন্তু যারা একে অপরের অবস্থান বুঝতে আগ্রহী এবং প্রয়োজন অনুযায়ী ছাড় দিতে প্রস্তুত, তাঁদের সম্পর্ক অধিক টেকসই হয়। সহযোগিতার মনোভাব: সফল দম্পতিরা কেবল স্বামী-স্ত্রী হিসেবে নয়, বরং একে অপরের বন্ধু ও সহযাত্রী হিসেবেও পথচলা করেন। পারিবারিক সমস্যা হোক বা অর্থনৈতিক সিদ্ধান্তড়সবখানেই তাঁরা সম্মিলিতভাবে দায়িত্ব ভাগ করে নেন। শ্রদ্ধা ও ব্যক্তিস্বাধীনতা: ভালোবাসার ভিত গড়ে ওঠে পারস্পরিক শ্রদ্ধার মাধ্যমে। একজন দম্পতির ব্যক্তিগত পছন্দ, সময় ও চিন্তার প্রতি সম্মান

৩-এর পৃষ্ঠা দেখু

## জুলাই ঘোষণাপত্র প্রত্যাখ্যানের ঘোষণা গণঅধিকার পরিষদের

নিজস্ব প্রতিবেদক

আলোচনা কিংবা অংশীজনের স্বীকৃতি ছাড়াই চূড়ান্ত করা ‘জুলাই ঘোষণাপত্র’ প্রত্যাখ্যানের ঘোষণা দিয়েছে গণঅধিকার পরিষদ। তাদের ভাষ্য, যারা সাম্প্রতিক অভ্যুত্থানে সক্রিয়ভাবে অংশ নিয়েছেন, তাঁদের উপেক্ষা করে তৈরি করা ঘোষণাপত্র জুলাই চেতনার পরিপন্থী। রোববার (৩ আগস্ট) রাজধানীর পুরানা পল্টনে আল রাজী কমপ্লেক্সে দলীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ অবস্থান জানায় দলটি। লিখিত বক্তব্য পাঠ করেন গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক মো. রাশেদ খান। তিনি বলেন, “আন্দোলন শুধু ৩৬ দিনের নয়। এটা ১৪-১৫ বছরের সংগ্রামের পরিণতি। যারা একে কেবল ৩৬ দিনের মধ্যে সীমাবদ্ধ করতে চায়, তারা ইতিহাস বিকৃতির ষড়যন্ত্র করছে।” তিনি আরও বলেন, “২০১৮ সালের কোটা সংস্কার আন্দোলনের মধ্য দিয়ে রাষ্ট্রীয় চাকরিতে বৈষম্যের বিরুদ্ধে যে লড়াই শুরু হয়েছিল, তা আজ আরও বিস্তৃত আকার ধারণ করেছে। হাইকোর্টের রায়ে ৩০ শতাংশ কোটা পুনর্বহালের প্রেক্ষাপটে ২০২৪ সালের ৫ জুন থেকে নতুন আন্দোলনের সূচনা হয়। কিন্তু সরকার এই বৈষম্যবিরোধী আন্দোলনে গুলি চালিয়ে মানুষ হত্যা করেছে। এই নির্যাতনের বিরুদ্ধে ছাত্র-জনতার বিস্তৃত অংশগ্রহণে আন্দোলন এক পর্যায়ে রূপ নেয় রাষ্ট্র সংস্কার আন্দোলনে।” রাশেদ খান বলেন, “২০১৩ সালের শাপলা চত্বরে গণহত্যার মধ্য দিয়ে আলেম সমাজ ও মাদ্রাসার ছাত্ররা জেগে ওঠে। ২০১৫ সালের ভ্যাটবিরোধী আন্দোলন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিবাদী করে তোলে। এরপর ২০১৮ সালে কোটা সংস্কার ও নিরাপদ সড়ক আন্দোলনে সাধারণ শিক্ষার্থীদের অংশগ্রহণ ফ্যাসিস্ট সরকারের ভিত কাঁপিয়ে দেয়।” তিনি উল্লেখ করেন, “২০১৮ সালের ১১ এপ্রিল জাতীয় সংসদে শেখ হাসিনা বাধ্য হন ঘোষণা দিতেড়আর কোনো কোটাই থাকবে না। এই ঘোষণা ছাত্র সমাজকে সাহসী করে তোলে। ওই বছরের ২৯ জুলাই দুই শিক্ষার্থীর মৃত্যুকে কেন্দ্র করে নিরাপদ সড়কের দাবিতে গোটা দেশ উত্তাল হয়ে ওঠে।” সংবাদ সম্মেলনে গণঅধিকার পরিষদের অভিযোগ, সরকার বা সংশ্লিষ্ট পক্ষগুলো ‘জুলাই ঘোষণাপত্র’ তৈরি করতে গিয়ে আন্দোলনের মূল অংশীদারদের সঙ্গে কোনো আলোচনাই করেনি। বরং নিজেরা নিজেদের মতো করে একটি দলকেন্দ্রিক ও কুক্ষিগত ঘোষণা তৈরি করেছে। রাশেদ খান বলেন, “আমরা লক্ষ্য করছি, অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে ইতোমধ্যে ঘোষণাপত্রের সময় ও তারিখ ঠিক করা হয়েছে। কিন্তু বিপ্লবের অংশীজনদের কেউই জানে না, এতে কী লেখা হচ্ছে। এমন অবস্থায় আমরা

৩-এর পৃষ্ঠা দেখু



## চুয়াডাঙ্গা সীমান্তে বিজিবির বিশেষ অভিযান মাদক ও চোরাচালানপণ্য জব্দ

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গা সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ৬ নম্বর ব্যাটালিয়নের ধারাবাহিক বিশেষ অভিযানে বড় ধরনের সাফল্য এসেছে। চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার সীমান্ত এলাকায় গত ১ আগস্ট থেকে ৩ আগস্ট পর্যন্ত তিনদিনব্যাপী পরিচালিত অভিযানে বিজিবি প্রায় ৫ লাখ ৬৬ হাজার ৩০০ টাকা মূল্যের মাদকদ্রব্য ও চোরাচালানপণ্য জব্দ করেছে। বিজিবির পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, ব্যাটালিয়নের আওতাধীন দর্শনা, বারাদী, ঠাকুরপুর, মুন্সিপুর, হুদাপাড়া ও আনন্দবাস বিওপির (বর্ডার আউট পোস্ট) দায়িত্বপূর্ণ এলাকায় নিয়মিত টহল ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এই বিশেষ অভিযান পরিচালিত হয়। জব্দকৃত মালামালের মধ্যে রয়েছে: ৫৬ বোতল ভারতীয় ফেনসিডিল, ২৫ বোতল ভারতীয় মদ, ৪৩ পিস

২-এর পৃষ্ঠা দেখু

## জুলাইয়ে প্রায় আড়াই বিলিয়ন ডলার পাঠালেন প্রবাসীরা

নিজস্ব প্রতিবেদক

চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি দেখা গেছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী, জুলাই মাসে দেশে এসেছে ২৪৭ কোটি ৭৯ লাখ ১০ হাজার মার্কিন ডলার (প্রায় ২.৪৮ বিলিয়ন ডলার) রেমিট্যান্স। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ৩০ হাজার ২৩৯ কোটি টাকা, যেখানে প্রতিটি ডলারের বিনিময় হার ধরা হয়েছে ১২২ টাকা। গত বছরের একই সময়ে অর্থাৎ ২০২৪ সালের জুলাই মাসে দেশে এসেছিল ১৯১ কোটি ৩৮ লাখ ডলার। সে হিসেবে চলতি বছরের জুলাইয়ে রেমিট্যান্স বেড়েছে ৫৬ কোটি ৪১ লাখ ডলার, যা টাকায় প্রায় ৬ হাজার ৮৮২ কোটি। বাংলাদেশ ব্যাংকের তথ্যে দেখা যায়, রাষ্ট্রায়ত্ত ব্যাংকের মাধ্যমে এসেছে ৫৪ কোটি ৭৬ লাখ ৩০ হাজার ডলার, বিশেষায়িত

২-এর পৃষ্ঠা দেখু



## ছাত্র-জনতার প্রত্যাশা পূরণে ছাত্রদলের ৯ দফা

নিজস্ব প্রতিবেদক

রোববার জাতীয়তাবাদী ছাত্রদলের সমাবেশ ঘিরে স্লোগানে মুখর রাজধানীর শাহবাগ এলাকা। বৃষ্টি উপেক্ষা করে সেখানে অবস্থান নিয়েছেন সংগঠনটির নেতাকর্মীরা। খালেদা জিয়া, তারেক রহমান ও নিজ সংগঠনের নামে নানা স্লোগান দিচ্ছেন নেতাকর্মীরা। এ সময় ছাত্র-জনতার প্রত্যাশা পূরণের লক্ষ্যে ৯ দফা প্রতিশ্রুতি দিয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল। ছাত্রদলের সমাবেশে যে ৯ দফা প্রতিশ্রুতি দেওয়া হয়। ১. শিক্ষাঙ্গনে গেস্টরুম নির্যাতন, গণরুম সংস্কৃতি, জোরপূর্বক রাজনৈতিক কর্মসূচিতে অংশগ্রহণে বাধ্য করে এবং রাজনৈতিক মতপার্থক্যের কারণে শিক্ষার্থীদের ওপর নির্যাতনের মতো ঘৃণিত চর্চার স্থায়ী বিলোপসাধন এবং সকল ধরনের সন্ত্রাস ও অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিরোধে ছাত্রদল সক্রিয় ভূমিকা পালন করবে।

৩-এর পৃষ্ঠা দেখু



## শ্বাসরোধে হত্যা করা হয় ইবি শিক্ষার্থী সাজিদকে

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ছাত্র সাজিদ আবদুল্লাহর রহস্যময় মৃত্যুর ঘটনায় নতুন মোড় এসেছে। ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট (সিআইডি) পরিচালিত ফরেনসিক

৩-এর পৃষ্ঠা দেখু

## দেশের সব ব্যবস্থা ভেঙে পড়েছে, এক বছরে ঠিক করা সম্ভব নয়’ - উপদেষ্টা সাখাওয়াত

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশের সার্বিক প্রশাসনিক ও কার্যকরী ব্যবস্থার ভেঙে পড়া পরিস্থিতি থেকে এক বছরে উত্তরণ সম্ভব নয় বলে মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন। তিনি বলেন, “দেশের সব ব্যবস্থা ভেঙে পড়েছে। এই অবস্থা থেকে এক বছরে উত্তরণ সম্ভব নয়।” রোববার (৩ আগস্ট) সকালে নাটোর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের চেক বিতরণ

৩-এর পৃষ্ঠা দেখু



## ২৪ দফার ইশতেহার ঘোষণা করলেন নাহিদ ইসলাম

নিজস্ব প্রতিবেদক

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) রোববার সন্ধ্যায় রাজধানীর শহিদ মিনারে ‘নতুন বাংলাদেশ’ গঠনের লক্ষ্যে ২৪ দফার ইশতেহার ঘোষণা করেছে। দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, “আমরা একবার ব্যর্থ হয়েও আবার এসেছি, যেখানে স্বৈরাচারের পুনরাবৃত্তি হবে না।”

৩-এর পৃষ্ঠা দেখু

## সৌদি আরবে একদিনে ৮ জনের মৃত্যুদণ্ড কার্যকর

নিজস্ব প্রতিবেদক

সৌদি আরবে একদিনেই ৮ জনের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। মাদক পাচারের অভিযোগে অভিযুক্ত সোমালি ও ইথিওপীয় ৭ জন এবং নিজ মাকে

৩-এর পৃষ্ঠা দেখু

## ‘জুলাই ঘোষণাপত্র’ ৫ আগস্ট মানিক মিয়া অ্যাভিনিউয়ে উপস্থাপন

নিজস্ব প্রতিবেদক

আগামীকাল ৫ আগস্ট বিকেল ৫টায় রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউয়ে ‘জুলাই ঘোষণাপত্র’ দেশবাসীর সামনে উপস্থাপন করা হবে। ‘৩৬ জুলাই উদ্যাপন’ নামে অনুষ্ঠিত দিনব্যাপী অনুষ্ঠানের অংশ হিসেবে এই ঘোষণাপত্র পাঠ করা হবে। রোববার প্রধান উপদেষ্টার ভেরিফায়েড ফেসবুক পেজে জানানো হয়, এক বছর আগে ৩৬ জুলাই ঘটে যাওয়া ঐতিহাসিক গণ-অভ্যুত্থানের স্মৃতিচারণ ও আদর্শ প্রতিষ্ঠায়

২-এর পৃষ্ঠা দেখু

শর্মা ফুড প্লাজা

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পাস্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

প্রযুক্তি

## ৫০ বছর পর আবিষ্কৃত হলো মানুষের নতুন রক্তের গ্রুপ

সূর্যোদয় প্রতিবেদন



প্রায় পাঁচ দশক আগে, ১৯৭২ সালে এক অন্তঃসত্ত্বা নারীর রক্তে ধরা পড়ে এক অজানা ঘাটতি, তার রক্তে ছিল না এমন এক অ্যান্টিজেন, যা সে সময় পর্যন্ত প্রতিটি মানুষের রক্তে থাকা আবশ্যিক বলে বিবেচিত হতো। অবশেষে, দীর্ঘ গবেষণার পর যুক্তরাজ্য ও ইসরায়েলের একদল বিজ্ঞানী ২০২৪ সালে সেই রহস্যের সমাধান করেন এবং মানুষের শরীরে নতুন এক রক্ত গ্রুপ সিস্টেমের অস্তিত্ব নিশ্চিত করেন। নতুন এই রক্ত গ্রুপের নামকরণ করা হয়েছে ‘এমএএল ’। যুক্তরাজ্যের ন্যাশনাল হেলথ সার্ভিসের হেমাটোলজিস্ট ড. লুইস টিলি, যিনি প্রায় ২০ বছর ধরে এই গবেষণায় যুক্ত, বলেনড়‘এটি শুধু একটি বৈজ্ঞানিক অগ্রগতি নয়, বরং কয়েক দশকের নিবেদিত গবেষণার ফল।” গবেষণায় দেখা যায়, এমএএল রক্ত গ্রুপের মূল অ্যান্টিজেন সাধারণত ৯৯.৯% মানুষের শরীরে থাকে। তবে গঅখ প্রোটিনে জিনগত রূপান্তর ঘটলে এই অ্যান্টিজেন অনুপস্থিত থাকে এবং তখন গঠিত হয় ‘এমএএল নেগেটিভ’ রক্তের ধরন। এই পরিবর্তনটি জন্মগত মিউটেশনের কারণে হতে পারে, আবার কোনো রোগজনিত কারণেও অস্থায়ীভাবে অ্যান্টিজেন অনুপস্থিত থাকতে পারে। এমএএল প্রোটিন কোষ ঝিল্লির স্থিতিশীলতা ও কোষ পরিবহনে গুরুত্বপূর্ণ

৩-এর পৃষ্ঠা দেখু

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ

ডাঃ এম.র. মালিক

এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল

রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

ডাঃ কানিজ নাঈমা

এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট

ডাঃ রুমানা হেলালী (জুসি)

এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ

ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন

এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট

ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ

এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও

রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, সোমবার, ৪ আগস্ট ২০২৫ ইং

## অবহেলার ২৫ বছর, দেবীপুর-ভরাট সড়ক সংস্কার এখনই জরুরি

২৫ বছর দীর্ঘ সময়, একটি প্রজন্মের সমান। অথচ মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর থেকে ভরাট পর্যন্ত সড়কটি এই দীর্ঘ সময়েও সংস্কারের মুখ দেখেনি। এটি শুধু একটি সড়ক নয়, দুইটি কৃষিনির্ভর গ্রামের মানুষের জীবনযাত্রা, অর্থনীতি ও নিরাপত্তার সঙ্গে জড়িত একটি গুরুত্বপূর্ণ অবকাঠামো। যে অবকাঠামোর ধ্বংসস্তূপে আজ পড়ে আছে হাজারো মানুষের স্বপ্ন, শ্রম আর সম্ভাবনা। সড়কটির করুণ দশার বর্ণনা যেন একটি উপন্যাসের শোকাবহ অধ্যায়। একসময় যে রাস্তার ওপর হেয়ারিং বন্ড ছিল, এখন তার অস্তিত্বও নেই। রাস্তা এখন কাঁদা, গর্ত আর ঝোপঝাড়ে পূর্ণড়ভোগান্তিতে সম্পূর্ণ অনুপযোগী। বর্ষায় গর্তে পানি জমে যান চলাচল তো বন্ধ হয়ই, পায়ে হাঁটাও কষ্টকর হয়ে পড়ে। কৃষকদের উৎপাদিত পণ্য বাজারে আনতে গিয়ে যেমন বাধার সম্মুখীন হতে হয়, তেমনি ব্যবসায়ীরাও এই এলাকায় যেতে অনীহা প্রকাশ করেন। এই দুর্ভোগ শুধু কৃষকদের নয়, অটো-ভ্যান চালক, পথচারী এমনকি শিক্ষার্থীদেরও। স্থানীয়দের কথায় ফুটে উঠেছে বঞ্চনার দীর্ঘ ইতিহাসড়কেউ বলেন গাড়ি ভেঙে পড়ার আতঙ্ক, কেউ বলেন দুর্ঘটনার ভয়ে রাতে চলাচল বন্ধ, আবার কেউ বলেন, "এটা যেন অবহেলিত পথের নীরব কান্না।" অথচ এ সড়কেই দুই প্রান্তে রয়েছে হাজারো মানুষের বসতি, কৃষিভিত্তিক জীবন ও অর্থনৈতিক কার্যক্রম। স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে দাবি করা হচ্ছে, সড়কটির অনুমোদনের জন্য ঊর্ধ্বতন দপ্তরে কাগজপত্র পাঠানো হয়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে ২৫ বছরেও কেন সেই অনুমোদন এলো না? কেন এতো বছর ধরে দুইটি গ্রামের মানুষ অবহেলার শিকার? উন্নয়নের জোয়ারে ভেসে চলা একটি দেশের প্রান্তিক অঞ্চলের মানুষের জন্য এই অবহেলা কি যুক্তিযুক্ত?

এখন সময় এসেছে দায় এড়িয়ে যাওয়ার নয়, সময় এসেছে কার্যকর উদ্যোগের। দেবীপুর-ভরাট সড়কটি দ্রুত সংস্কার না করলে শুধু আর্থিক ক্ষতি নয়, মানুষজনের জীবন-জীবিকায় আরও ভয়াবহ সংকট নেমে আসবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত এখনই এই সড়কটিকে গুরুত্ব দিয়ে সংস্কারের কার্যক্রম শুরু করা। সড়ক উন্নয়ন কেবল যাতায়াত নয়, এটি একটি অঞ্চলের সামগ্রিক উন্নয়নের প্রাথমিক ভিত্তি। তাই অবহেলার ইতি টেনে দেবীপুর-ভরাট সড়কের জন্য চাই এখনই একটি টেকসই, স্থায়ী এবং দ্রুত বাস্তবায়নযোগ্য সংস্কার পরিকল্পনা। এই দাবি শুধু দুই গ্রামের নয়, এটি একটি ন্যায্য উন্নয়নের প্রশ্ন।

মোঃ জাহিদুল ইসলাম

# দর্শনা-মেহেরপুর রেল প্রকল্প: উন্নয়ন ও অগ্রগতির নতুন দিগন্ত

বাংলাদেশের রেল যোগাযোগের ইতিহাস প্রায় ১৬৩ বছরের। ১৮৬২ সালের ১৫ নভেম্বর, ব্রিটিশ আমলে রানাঘাট থেকে কুষ্টিয়ার জগতি পর্যন্ত ৫৩.১১ কিলোমিটার ব্রডগেজ রেললাইন চালুর মধ্য দিয়ে যাত্রা শুরু হয় এ দেশের রেল ব্যবস্থার। কুষ্টিয়ার জগতি রেলস্টেশন ছিল দেশের প্রথম রেলস্টেশন। সময়ের পরিক্রমায় ২০২৪ সালের শেষ পর্যন্ত দেশের ৪৯টি জেলা রেল যোগাযোগের আওতায় এসেছে। বাকি থাকা জেলাগুলোর মধ্যে অন্যতম মেহেরপুর। এই জেলার জন্য আশার আলো হয়ে এসেছে দর্শনা-মেহেরপুর রেল সংযোগ প্রকল্প। প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই ও নকশার কাজ সম্পন্ন করেছে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান স্মেক, সহযোগী সংস্থা এসিই কনসাল্টিং। প্রস্তাবিত রেলপথটি হবে ৫৬ কিলোমিটার দীর্ঘ। এর মধ্যে ৩৪.৫ কিলোমিটার প্রধান লাইন, ১০ কিলোমিটার লুপ লাইন এবং ৩.৫ কিলোমিটার সাইড লাইন। পুরনো ৬.৬ কিলোমিটার রেললাইনও পুনর্নির্মাণের আওতায় আসবে। লাইনে নির্মাণ হবে ৩টি বড় সেতু একটি মাথাভাঙ্গা নদীর ওপর এবং দুটি ভৈরব নদীর ওপর। এ ছাড়া ৬৩টি কালভার্ট এবং ট্রেন নিয়ন্ত্রণে আধুনিক কন্ট্রোলিং সিস্টেম থাকবে। এই রুটে ছয়টি স্টেশন নির্মাণের প্রস্তাবনা রয়েছে মেহেরপুর, মোনাখালী, মুজিবনগর, কানাইডাঙ্গা, বাস্তোপুর ও দর্শনা। প্রতিটি স্টেশন হবে যুগোপযোগী, আধুনিক স্থাপত্যশৈলীতে নির্মিত এবং পর্যাপ্ত যাত্রীসেবা, নিরাপত্তা ও বাণিজ্যিক সুবিধা সমন্বিত। প্রতিটি স্টেশনে থাকবে প্ল্যাটফর্ম, স্টেশন বিল্ডিং, সিগন্যালিং ব্যবস্থা, অফিস, কর্মস্থল, প্ল্যাটফর্ম সেড, উন্নত কন্ট্রোলিং ইউনিট এবং মালামাল পরিবহনের জন্য লজিস্টিক সুবিধা। রেল যোগাযোগ কোনো এলাকার জন্য শুধু একটি পরিবহন মাধ্যম নয়; বরং এটি একটি অঞ্চলকে অর্থনৈতিক প্রাণকেন্দ্রে পরিণত করতে পারে। মেহেরপুর জেলার প্রধান কৃষিপণ্যড়আম, লিচু, সবজি, উন্নত জাতের গরু-ছাগল এবং গরুর মাংস দেশের বিভিন্ন প্রান্তে এবং বিদেশে সরবরাহ হয়। বর্তমানে এসব পণ্য পরিবহনে সড়কপথই একমাত্র ভরসা। এতে সময়, ব্যয় ও ঝুঁকি সবই বেশি। রেলপথ চালু হলে পণ্য পরিবহনে খরচ কমবে, সময় বাঁচবে, কৃষিপণ্য দ্রুত গন্তব্যে পৌঁছাবে। ফলে কৃষিজ অর্থনীতি হবে আরও গতিশীল এবং কৃষকের আয় বাড়বে। পাশাপাশি গড়ে উঠবে হিমাগার, প্রক্রিয়াজাত শিল্প ও রপ্তানি কেন্দ্র। রেল সংযোগের ফলে মেহেরপুর শহর হবে একটি আধুনিক, স্মার্ট নগরী। শহর ঘিরে গড়ে উঠবে নতুন শিল্প এলাকা, ব্যবসা প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, হোটেল-মোটেল ও পর্যটনকেন্দ্র। বিদেশি পর্যটক, গবেষক ও বিনিয়োগকারীদের আগমন ঘটবে। কর্মসংস্থান বাড়বে বহুগুণ। এই স্বপ্নের বাস্তবায়নে দরকার সবার সম্মিলিত উদ্যোগ। স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, প্রশাসন, পেশাজীবী সংগঠন, ঢাকাস্থ মেহেরপুর সমিতি এবং প্রবাসীদের এগিয়ে আসতে হবে। একযোগে লবিং, পরিকল্পনা ও জনমত তৈরির মাধ্যমে দ্রুত প্রকল্প বাস্তবায়নে সহায়তা করতে হবে।রেল সংযোগ শুধু এক জেলা নয়, পুরো দক্ষিণ-পশ্চিমাঞ্চলের উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ। দর্শনা-মেহেরপুর রেল প্রকল্প যত দ্রুত বাস্তবায়িত হবে, তত দ্রুত মেহেরপুরবাসীর বহুদিনের স্বপ্ন বাস্তবে রূপ নেবে। এই প্রকল্প হতে পারে একটি অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক মুক্তির সোপান। এখন প্রয়োজন রাজনৈতিক অঙ্গীকার ও সক্রিয় নাগরিক অংশগ্রহণ। (লেখক : ইনডিপেনডেন্ট রিসার্চার, ঢাকা)



# ইসলামে জ্ঞানার্জনের গুরুত্ব

মাওলানা আবদুর রশিদ

শিক্ষা মানুষের উন্নতির সোপান। ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রের অগ্রগতির প্রধান চাবিকাঠি হলো শিক্ষা। তাই বলা হয় "শিক্ষা জাতির মেরুদণ্ড"। এই শিক্ষা শুধু চাকরি বা জীবিকা অর্জনের মাধ্যম নয়, বরং নৈতিকতা, মানবিকতা ও আত্মিক উন্নতিরও পথপ্রদর্শক।ইসলাম ধর্মে জ্ঞান অর্জনের গুরুত্ব অপরিসীম। পবিত্র কোরআনের প্রথম আয়াতেই আল্লাহ তায়ালা বলেন, "ইকরা বিস্?মি রাব্বিকাল্লাযী খালাক" অর্থাৎ "পড়ো তোমার প্রভুর নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন।" এটি আল্লাহর পক্ষ থেকে মানবজাতির প্রতি প্রথম নির্দেশ, যা সরাসরি পাঠ, জ্ঞান ও চিন্তাচর্চাকে উৎসাহিত করে।

রাসুল (সা.) নিজে কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণ না করলেও আল্লাহর নির্দেশনায় তিনি হয়ে ওঠেন মানবতার শ্রেষ্ঠ শিক্ষক। তিনি বলেন, "জ্ঞান অর্জন করা প্রতিটি মুসলিম নারী-পুরুষের ওপর ফরজ।" অর্থাৎ ইসলামে জ্ঞান শুধু পছন্দনীয় নয়, বরং একান্ত আবশ্যক।প্রাথমিক ইসলামী সমাজে শিশুদের জ্ঞানার্জনে উৎসাহিত করা হতো। পিতা-মাতারা সন্তানদের বলতেনড়"তুমি ছোট হলেও বড় হওয়ার জন্য এখনই ইলম অর্জন করো। মনে না থাকলে লিখে রাখো।" কোরআনে নির্দেশ আছে, "তোমরা যদি না জানো, তবে জ্ঞানীদের জিজ্ঞেস করো।" শিক্ষা মানুষকে আত্মনির্ভর করে তোলে। রাসুল (সা.) স্বাবলম্বিতাকে উৎসাহিত করেছেন, বলেছেন, হাত পাতার চেয়ে নিজের উপার্জন উত্তম। আজকের সমাজে আমরা যদি চাই একটি সুসংগঠিত, মানবিক ও আলোকিত জাতি গড়তে, তবে ইসলামি আদর্শে উদ্বুদ্ধ হয়ে আমাদের নিজেদের, সন্তানদের ও সমাজের শিক্ষার প্রতি মনোযোগী হতে হবে। কোরআন-হাদিস ও আধুনিক জ্ঞান একসঙ্গে অর্জনের মধ্যেই রয়েছে দুনিয়া ও আখিরাতের সফলতা।

## কাঁটাতারের ও পারে বাবা, এপারে

৯৪ কিলোমিটার সীমান্ত জুড়ে কাঁটাতারের বেড়া নির্মাণ করে। আর তখন থেকেই শুরু হয় দু'দেশের সীমান্তবর্তী মানুষের জীবনে নিঃসঙ্গতার এক নতুন অধ্যায়। আগে যাদের মধ্যে ছিল ঘনিষ্ঠ আত্মীয়তা, একসাথে ঈদ, পূজা আর বিয়ের আনন্দ ভাগা ভাগি, তারা আজ বছরের পর বছর কেবল অপেক্ষার প্রহর গুনছেন। গাংনী উপজেলার সীমান্তবর্তী রংমহল গ্রামে এমন অন্তত ৫০টি পরিবার আছে, যাদের আত্মীয়রা ওপারে ভারতে। নুরজাহান নামের এক গৃহবধূর কণ্ঠে হতাশা ও কান্না মিশিয়ে বলেন, "আমার মা-বাবা ওপারে। আগে প্রতি সপ্তাহে দেখা হতো। এখন বছরের পর বছর কেটে যায়, একবার দেখতে পাই না। যখন তারকাঁটা ছিল না, তখন যেন মনটা ছিল পরিপূর্ণড়এখন প্রতিটি দিন এক অসমাপ্ত অপেক্ষা।" মিলন মণ্ডল বলেন, "আমাদের বাড়ি বাংলাদেশের ভিতরে, কিন্তু আত্মীয়স্বজন আর জমিজমা রয়েছে ভারতের ভেতরে। সেখানে যাওয়া আমাদের জন্য বন্ধ। অথচ ভারতের কৃষকরা এখানে এসে তাঁদের জমিতে চাষ করতে পারেন। কাঁটাতারের এই অসম নিয়ম আমাদের আত্মীয়তাকেও গলা টিপে ধরেছে।" কাথুলী ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান হোসাইন মোহাম্মদ বলেন, "সীমান্তে কাঁটাতার না থাকাকালীন সময়ে ওপারের মানুষ এখানে এসে যেত, আমরা যেতাম ওদিকে। এখন আত্মীয়তা কেবল স্মৃতির পাতায় বন্দি।" বিজিবির ৪৭ কুষ্টিয়া ব্যাটালিয়নের মক্যাম্প কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল মো. মাহ-াবুব মোর্শেদ বলেন, "পাসপোর্ট ও চেকপোস্ট ব্যবহার করেই ভারতে যাওয়া বৈধ। তবে মৃত্যু বা অতি জরুরি প্রয়োজনে মানবিক কারণে পতাকা বৈঠকের মাধ্যমে দেখা-সাক্ষাতের সুযোগ দেওয়া হয়।" একই গ্রামে বসে থাকা বাবা যখন মেয়ের বিয়ের খবর পায়, চোখে পানি আসে। কিন্তু যেতে পারে না। কাঁটাতারের ওপাশে মেয়ে যখন বাবার অসুস্থতার কথা শোনে, বুকটা মোচড়ায়ড়তবু পৌঁছাতে পারে না। এই হলো সীমান্তবাসীর জীবনড়ভালোবাসার মানুষ খুব কাছেই, অথচ ছোঁয়া যায় না। এই কাঁটাতার যেন শুধু সীমান্ত নয় এটি বিচ্ছেদ, বঞ্চনা আর নীরব কান্নার প্রতীক। আর তার দুই পাশে দাঁড়িয়ে আছে কিছু মানুষ, যাদের সম্পর্ক আজ নিষিদ্ধ, অথচ ভালোবাসা চিরন্তন।

## শাদাত পেলেন মিডিয়া আইকনিক

চৌধুরী, দীপা খন্দকার, অভিনেতা লিয়াকত আলী, দিলারা জামান, গণমাধ্যম ব্যক্তিত্ব হাসান ইকরাম আহমেদ, সাবেক সচিব সৈয়দ মারগুব মোরশেদ প্রমুখ।এই সম্মাননা বিশেষভাবে মাইলস্টোন এভিয়েশন দুর্ঘটনায় প্রাণ হারানো সকল শিক্ষার্থীর স্মৃতির প্রতি উৎসর্গ করা হয়, যার ফলে অনুষ্ঠানে এক আবেগঘন পরিবেশ বিরাজ করেছিল। মেহেরপুর শহরের নতুন পাড়ার বাসিন্দা শাহী আল শাদাত শফিকুল ইসলাম ও মোছাঃ সূরা আক্তারের একমাত্র সন্তান। ছোট বেলা থেকেই সমাজসেবায় তার গভীর আগ্রহ ছিল এবং দেশের কিশোর-কিশোরীদের নিরাপত্তা ও ক্ষমতায়ন তার মূল লক্ষ্য। তার নেতৃত্বে পরিচালিত টিম বিভিন্ন সামাজিক উদ্যোগ গ্রহণ করে, যার মধ্যে রয়েছে অনলাইন ও অফলাইন প্ল্যাটফর্মে নিরাপত্তা সচেতনতা বৃদ্ধির কার্যক্রম, মেন্টরশিপ প্রোগ্রাম, স্কুল এবং কলেজ পর্যায়ে বিশেষ সেমিনার ও কর্মশালা আয়োজন। এ উদ্যোগগুলো কিশোর-কিশোরীদের সুরক্ষিত পরিবেশ ও আত্মবিশ্বাসী হিসেবে গড়ে তুলতে সহায়তা করেছে। শাহী আল শাদাতের এই সাফল্য শুধুমাত্র তার ব্যক্তিগত নয়, বরং এটি মেহেরপুর ও বাংলাদেশের কিশোর সমাজের জন্য এক অনুপ্রেরণার দৃষ্টান্ত হয়ে দাঁড়িয়েছে। শাহী আল শাদাত বলেন, "এটি আমার জন্য এক বিশাল সম্মান ও দায়িত্ব। দেশের কিশোর-কিশোরীদের নিরাপত্তা ও ক্ষমতায়ন আমার জীবনের মূল উদ্দেশ্য। এই সম্মাননা আমাকে আরো শক্তি যোগাবে এবং ভবিষ্যতেও আমি ও আমার টিম আমাদের কাজ অব্যাহত রাখব। আমরা চাই, প্রত্যেক কিশোর-কিশোরী সুরক্ষিত ও সাফল্যময় জীবন যাপন করুক।" তিনি আরো বলেন, "আমাদের সাম্প্রতিক প্রয়াস ও পরিকল্পনায় রয়েছে ডিজিটাল নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধি, মানসিক স্বাস্থ্য সহায়তা এবং কমিউনিটি সাপোর্ট গ্রুপ গঠন, যা আগামী দিনে কিশোরদের জন্য অনেক বেশি কার্যকর ভূমিকা পালন করবে।" '৭১ মিডিয়া আইকনিক অ্যাওয়ার্ড' বাংলাদেশের তরুণ সমাজের মাঝে ইতিবাচক ভূমিকা পালনকারী ব্যক্তিদের সম্মানিত করার একটি বিশেষ প্ল্যাটফর্ম। এই পুরস্কারের মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তনের সূচনা ঘটে। অনুষ্ঠানের আয়োজকরা জানান, শাহী আল শাদাতের মত তরুণ সমাজসেবকরা দেশের ভবিষ্যত গড়তে অগ্রণী ভূমিকা পালন করবে। তার কাজগুলো দেশের কিশোর সমাজের জন্য দৃষ্টান্তমূলক ও প্রেরণাদায়ক। স্থানীয়রা বলেন, "শাহী আল শাদাতের এই সাফল্য আমাদের জেলার জন্য গর্বের বিষয়। তার নেতৃত্বে কিশোর-কিশোরীদের জন্য যে কাজগুলো হচ্ছে, তা দীর্ঘমেয়াদে সমাজে বড় প্রভাব ফেলবে।"

## 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উদযাপনে

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন। সভায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রক্টর, হল প্রশাসকসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। সভায় আলোচনা শেষে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস'-এর তাৎপর্য তুলে ধরার পাশাপাশি দিবসটি যথাযোগ্যভাবে পালনের লক্ষ্যে কয়েকটি কর্মসূচি গ্রহণ করা হয়। গৃহীত কর্মসূচির মধ্যে রয়েছে , ৫ আগস্ট সকাল ১০টায় মেহেরপুরে অবস্থিত 'জুলাই স্মৃতিস্তম্ভে' উপাচার্যসহ বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ। সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে দিবসটির প্রেক্ষাপট, ইতিহাস ও তাৎপর্য নিয়ে আলোচনা সভা এবং শহিদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন তাঁর বক্তব্যে বলেন, "মেহেরপুর বাংলাদেশের গৌরবোজ্জ্বল ইতিহাসের অংশ। ১৯৭৪ সালের ৫ জুলাই এ অঞ্চলের সাহসী জনতার রক্তাক্ত গণঅভ্যুত্থান শুধু স্থানীয় নয়, জাতীয় ইতিহাসেও এক গুরুত্বপূর্ণ অধ্যায়। মেহেরপুর বিশ্ববিদ্যালয় সেই ইতিহাসকে প্রজন্ম থেকে প্রজন্মে ছড়িয়ে দিতে দায়বদ্ধ।" তিনি আরও বলেন, "শিক্ষার্থীদের গণঅভ্যুত্থান, গণতন্ত্র ও অধিকারবিষয়ক ইতিহাস জানানো এবং জাতীয় চেতনাবোধ জাগ্রত করাই এই দিবস পালনের মূল উদ্দেশ্য।"

## প্রতিবন্ধী বিদ্যালয়সমূহের

পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি ইনামুল হক এবং সাধারণ সম্পাদক রূপালি খাতুন। স্মারকলিপিতে উল্লেখ করা হয়, দীর্ঘদিন ধরে ব্যক্তিগত উদ্যোগে পরিচালিত এসব বিশেষ শিক্ষা প্রতিষ্ঠান সমাজের পিছিয়ে পড়া প্রতিবন্ধী শিশুদের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। শিক্ষা, স্বাস্থ্যসেবা ও পুনর্বাসনে এসব বিদ্যালয়ের অবদান অসামান্য। প্রতিবন্ধী শিক্ষা ব্যবস্থাকে সরকারি কাঠামোর আওতায় আনতে ২০০৯ ও ২০১৯ সালে সমাজকল্যাণ মন্ত্রণালয় বিশেষ শিক্ষা নীতিমালা প্রণয়ন করে। ২০১৯ সালের ২০ ডিসেম্বর মন্ত্রণালয় থেকে প্রতিবন্ধী বিদ্যালয়সমূহের রাষ্ট্রীয় স্বীকৃতি ও এমপিওভুক্তির জন্য প্রজ্ঞাপন জারি হয় এবং অনলাইনে আবেদন গ্রহণ শুরু হয়। সে অনুযায়ী মোট ২ হাজার ৭৪১টি প্রতিষ্ঠান আবেদন করে, যার মধ্যে যাচাই-বাছাই শেষে ১ হাজার ৭৭২টি প্রতিষ্ঠানকে চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত করা হয়। স্মারকলিপিতে অভিযোগ করা হয়, 'ক' শ্রেণিভুক্ত বিদ্যালয়গুলোর পরিদর্শন প্রক্রিয়া অতি ধীরগতিতে চলছে এবং অনেকক্ষেত্রে তা স্থগিতও রাখা হয়েছে। ফলে সারা দেশে প্রায় ৬০ হাজার শিক্ষক-কর্মচারী মানবেতর জীবনযাপন করছেন। পাশাপাশি প্রতিবন্ধী শিশুদের শিক্ষাও ব্যাহত হচ্ছে। স্মারকলিপিতে অবিলম্বে চূড়ান্ত তালিকাভুক্ত বিদ্যালয়গুলোর রাষ্ট্রীয় স্বীকৃতি ও এমপিওভুক্তির নির্দেশনা জারি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানানো হয়।

## ছাত্র-জনতার গণঅভ্যুত্থান দিবস

জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম, মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল লতিফ, ইন্সপেক্টর বজলুর রহমান, সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফারুক উদ্দিন, জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাহাবব-উল আলম, জেলা বিএনপির সদস্য আনসারুল হক ও রোমানা আহমেদ, গণপূর্ত বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী জামাল উদ্দীনসহ বিভিন্ন রাজনৈতিক ও প্রশাসনিক প্রতিনিধিবৃন্দ। সভায় ছাত্র-জনতার গণঅভ্যুত্থান দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে বিস্তারিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের দিকনির্দেশনা নিয়ে আলোচনা করা হয়।

## ষড়যন্ত্র করছে: মির্জা ফখরুল

কথা বলেন তিনি। সমাবেশে ছাত্রদলের বিভিন্ন স্তরের নেতাকর্মী অংশ নেন। বক্তব্যের শুরুতেই মির্জা ফখরুল বলেন, "নতুন একটা সূর্য উঠেছে। এই সূর্য আলোকিত করবে আমাদের সকলকে। প্রিয় ছাত্র ভাই ও বোনেরা, আমাদের সামনে একটা সুযোগ এসেছে নতুন করে বাংলাদেশকে নির্মাণ করার।" তিনি স্মরণ করিয়ে দেন, "আজ আমাদের জন্য একদিকে আনন্দের দিন, আবার অন্যদিকে কষ্টের দিন। এক বছর আগে এই দিনে আমরা আমাদের অনেক ছাত্র ভাই-বোনকে হারিয়েছি। শুধু ৩৬ দিন নয়, এর আগেও অনেকেই প্রাণ দিয়েছেন, সংগ্রাম করেছেন। এই যে প্রাণ দেওয়া, এই যে ত্যাগ ড় এর উদ্দেশ্য একটাই, গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলা।" বর্তমান সরকারের কঠোর সমালোচনা করে ফখরুল বলেন, "আজকে আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। সবাইকে শপথ নিতে হবেড় ফ্যাসিস্ট হাসিনা ও তার লোকজন যেন আর কখনও দেশটাকে ধ্বংস না করতে পারে।" তিনি বলেন, "এই সরকার গণতন্ত্র হত্যা করেছে। বাকস্বাধীনতা হরণ করেছে। ভোটাধিকার কেড়ে নিয়েছে। এমন পরিস্থিতিতে আমাদের তরুণ সমাজকেই সামনে থেকে নেতৃত্ব দিতে হবে। ছাত্রদলকে হতে হবে এই পরিবর্তনের অগ্রসৈনিক।" মির্জা ফখরুল দাবি করেন, আওয়ামী লীগ এখন গণমানুষের শক্তির ভয়ে পাশের দেশে আশ্রয় নিয়ে ষড়যন্ত্র করছে। তিনি বলেন, "ফ্যাসিস্ট হাসিনা তার সহযোগীদের নিয়ে সেখানে বসেই বাংলাদেশের বিরুদ্ধে কাজ করছে। আমাদের এসব ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।" সভায় বিএনপির ছাত্র সংগঠনের নেতারা বলেন, তারা রাজনৈতিক দমন-পীড়নের বিরুদ্ধে রাস্তায় থাকবেন এবং যে কোনো মূল্যে 'গণতন্ত্র পুনরুদ্ধার' করবেন। সমাবেশ শেষে একটি শান্তিপূর্ণ মিছিলও বের করা হয়, যা শাহবাগ থেকে টিএসসি হয়ে দোয়েল চত্বর পর্যন্ত যায়। সভায় আরও উপস্থিত ছিলেন ছাত্রদলের সভাপতি রাশেদ ইকবাল খান, সাধারণ সম্পাদক কামরুল হাসান রনি, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতাসহ কেন্দ্রীয় ও মহানগর পর্যায়ের বিপুলসংখ্যক নেতাকর্মী।

## ১৮ শিক্ষাপ্রতিষ্ঠানে পরিবেশবান্ধব

শিক্ষার্থীদের মাঝে পরিবেশ সচেতনতা বাড়ানোর পাশাপাশি পরিচ্ছন্ন ক্যাম্পাস গড়ে তোলার আহ্বান জানানো হয়। জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সামিউল হক সরেজমিনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে নিজ হাতে এসব উপকরণ বিতরণ করেন। এসময় তিনি বলেন, "শুধু শিক্ষার্থীদের নয়, প্রত্যেক নাগরিকেরই উচিত পরিবেশের প্রতি দায়িত্বশীল ভূমিকা পালন করা। ছোট ছোট উদ্যোগের মাধ্যমেই গড়ে উঠতে পারে একটি সবুজ ও সুস্থ সমাজ।" মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার মোট ১৮টি শিক্ষা প্রতিষ্ঠান এ কার্যক্রমের আওতায় আসে। সদর উপজেলা: মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কবি নজরুল শিক্ষা মঞ্জিল, মদনাডাঙ্গা বালিকা বিদ্যালয়, গোপালপুর, যাদুখালি ও ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়। গাংনী উপজেলা: জোড়পুকুরিয়া, জ্যোতি, আমতৈল মানিকদিয়া, মিকোশিস, বামুন্দি বালিকা, সাহেবনগর, গাংনী পাইলট মডেল স্কুল অ্যান্ড কলেজ, হাজারিয়াদহ মহিশাখোলা, চিৎলা, জুগিন্দা, গাড়াডোব ও লুৎফুন্নেসা মাধ্যমিক বিদ্যালয়। মুজিবনগর উপজেলা: বল্লভপুর মাধ্যমিক বিদ্যালয়। জেলা পরিষদ সূত্র জানিয়েছে, ভবিষ্যতে জেলার অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানেও এ কার্যক্রম বিস্তৃত করার পরিকল্পনা রয়েছে।

## মুক্তিযোদ্ধা সংসদ জেলা ইউনিটের

মতিউর রহমান, কামাল উদ্দিন, আঃ রশিদ, মোজাম্মেল হক, ছাবদার আলী, মাহবুল হক, গুরুদাস হালদার ও জামিল উদ্দিন।মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদ দীর্ঘদিন যাবত মুক্তিযোদ্ধাদের অধিকারের জন্য কাজ করে আসছে। জেলার মুক্তিযোদ্ধারা জাতীয় ইতিহাস ও মুক্তিযুদ্ধের গৌরবগাঁথা সংরক্ষণ, মুক্তিযোদ্ধাদের ন্যায়বিচার ও সামাজিক মর্যাদা প্রতিষ্ঠায় সক্রিয় ভূমিকা পালন করেছেন। তবে সম্প্রতি বিভিন্ন কারণে জেলা ইউনিটের কার্যক্রম স্থগিত ছিল। নতুন এ এডহক কমিটি গঠন মূলত ঐক্যবদ্ধভাবে মুক্তিযোদ্ধাদের অধিকার রক্ষা এবং তাদের কল্যাণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে ভূমিকা রাখবে। কমিটি অনুমোদনে স্বাক্ষর করেছেন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা নাঈম জাহাঙ্গীর এবং সদস্য সচিব বীর মুক্তিযোদ্ধা সাদেক আহমেদ খান। মেহেরপুরের বিভিন্ন মুক্তিযোদ্ধা ও সামাজিক সংগঠন কমিটি গঠনের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন এবং আশাবাদ প্রকাশ করেছেন যে, নতুন কমিটি মুক্তিযোদ্ধাদের প্রতি সরকারের বিভিন্ন প্রণোদনা ও সুবিধা সঠিকভাবে পৌঁছে দিতে সক্ষম হবে। এ দিকে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডের এডহক কমিটির সদস্যরা গতকাল রবিবার সকালে জেলা প্রশাসকের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নিয়েছেন। সভায় সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডের: আহবায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা, সদস্য সচিব বীর মুক্তিযোদ্ধা রায়হানুল কবীর, যুগ্ম আহবায়ক বীর, মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম মল্লিক, সদস্য বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, বীর মুক্তিযোদ্ধা কামাল উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা আঃ রশিদ, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, বীর মুক্তিযোদ্ধা ছাবদার আলী, বীর মুক্তিযোদ্ধা মাহবুল হক, বীর মুক্তিযোদ্ধা গুরুদাস হালদার, বীর মুক্তিযোদ্ধা জামিল উদ্দিন।

## জেলা জজ আদালতে তথ্য ও সেবা

প্রত্যাশায় বিশেষ দোয়ার আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিচার বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। তাঁদের মধ্যে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) তৌহিদুল ইসলাম, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ মোঃ নুর নবী, এস. এম. মাসুদ জামান, যুগ্ম জেলা ও দায়রা জজ ইমদাদুল হক ও সত্যব্রত শিকদার, অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মুহাম্মদ নাছির উদ্দীন ফরাজী, সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ জুয়েল রানা ও মোছাঃ শারমিন নাহার, সিনিয়র সহকারী জজ মেহেদী হাসান মোবারক মুনিম, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ জাহিদুর রহমান এবং সহকারী জজ মোঃ মাসুদ রানা বিশেষভাবে উল্লেখযোগ্য। তথ্য ও সেবা কেন্দ্রটি সাধারণ জনগণের জন্য বিচার সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজতর করবে বলে আশা প্রকাশ করেন সংশ্লিষ্টরা।

## ভৈরব নদে গোসলে গিয়ে দুই শিশুর

খেলতে গিয়ে রিমন পানিতে পড়ে যায়। তাকে উদ্ধার করতে গেলে জুনায়েদও পানিতে পড়ে যায়। রাব্বি দ্রুত বাড়ি গিয়ে তাদের বাবা-মাকে ঘটনা জানান। পরে এলাকাবাসী এসে নদী থেকে দুজনের মরদেহ উদ্ধার করে। জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মামুন হোসেন বিশ্বাস জানান, মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হচ্ছে। জেলা প্রশাসকের অনুমতি সাপেক্ষে ময়নাতদন্ত ছাড়াই দুই শিশুর দাফন করা হবে। স্থানীয়দের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। এ ধরনের দুর্ঘটনা এড়াতে এলাকাবাসীকে সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে।

## মুজিবনগরে রোগী বহনের সময়

উপস্থিত হওয়ায় দুর্বৃত্তরা পালিয়ে যেতে বাধ্য হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, আনন্দবাস গ্রামের নুর ইসলামের ছেলে হাসমত আলী হঠাৎ হৃদরোগে আক্রান্ত হলে পরিবারের সদস্যরা তাকে পাখিভ্যানে করে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার জন্য রওনা দেন। ভ্যানে ছিলেন হাসমত আলী, তার স্ত্রী, ছেলে ও ভ্যান চালক। ভ্যানটি কানাপুকুর মোড়ে পৌঁছালে একদল অস্ত্রধারী ছিনতাইকারী পথরোধ করে। তারা হাসমত আলী ও তার পরিবারের সদস্যদের জিম্মি করে টাকা-পয়সা ও মোবাইল ফোন লুটে নেয়। একপর্যায়ে দুর্বৃত্তরা হাসমতের স্ত্রীর প্রতি শ্লীলতাহানির চেষ্টাও করে। তবে ঠিক তখনই রতনপুর পুলিশ ক্যাম্পের একটি টহল দল ঘটনাস্থলে পৌঁছে গেলে ছিনতাইকারীরা পালিয়ে যায়। পরে পুলিশ সদস্যরা দ্রুত হাসমত আলীকে হাসপাতালে পৌঁছাতে সহায়তা করেন। বর্তমানে তিনি সুস্থ আছেন বলে পরিবার সূত্রে জানা গেছে। মুজিবনগর থানা পুলিশ জানায়, ঘটনার তদন্ত চলছে। জড়িতদের চিহ্নিত করে দ্রুত আইনের আওতায় আনা হবে।

## কুষ্টিয়ায় বিজিবির অভিযানে ১৫ লাখ

টাকা। বিজিবি সূত্রে জানা যায়, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ৩ আগস্ট ভোর ৫টার দিকে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার কাতলামারী এলাকায় অভিযান চালায় ৪৭ বিজিবি। অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি-এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে সহকারী পরিচালক মো. জাকিরুল ইসলামের নেতৃত্বে বিশেষ টহল দল অভিযান পরিচালনা করে। এসময় মালিকবিহীন অবস্থায় ৩০০ কেজি অবৈধ চায়না দুয়ারী জাল উদ্ধার করা হয়, যার বাজারমূল্য প্রায় ১২ লাখ টাকা। অন্যদিকে, ২ আগস্ট সাড়ে এগারোটার দিকে জামালপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকার জামালপুর মাঠ নামক স্থানে অভিযান চালায় বিজিবি। হাবিলদার মো. ফরহাদ হোসেনের নেতৃত্বে পরিচালিত ওই অভিযানে ভারতীয় ০.১০০ কেজি হেরোইন এবং ৩০০ পিস সিলডিনাফিল ট্যাবলেট জব্দ করা হয়। জব্দকৃত মাদকের মূল্য প্রায় ২ লাখ ৯০ হাজার টাকা। বিজিবি জানায়, জব্দকৃত জাল ও মাদকদ্রব্য মালিকবিহীন অবস্থায় আটক হওয়ায় আইন অনুযায়ী ধ্বংসের উদ্দেশ্যে ব্যাটালিয়নের মাদক স্টোরে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এ বিষয়ে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর পক্ষ থেকে জানানো হয়, সীমান্ত নিরাপত্তা নিশ্চিত করতে এবং চোরাচালান ও মাদক পাচার প্রতিরোধে বিজিবি সর্বদা কঠোর অবস্থানে রয়েছে। ভবিষ্যতেও এমন অভিযান অব্যাহত থাকবে।

## কুষ্টিয়ায় স্বামীকে বেঁধে স্ত্রীকে ধর্ষণের

শেখের ছেলে মুর্শিদ শেখ (৪৫), একই এলাকার মৃত আকছেদ মন্ডলের ছেলে টিটু মন্ডল ওরফে টিপু (৪২), মৃত নবীর মন্ডলের ছেলো এজাজুল (৪২) এবং পাখিভ্যান চালক মৃত হাবিবুল সরদারের ছেলে রুবেল আলী (২৪)। ভুক্তভোগী সূত্রে জানা যায়, ঘটনার সময় প্রতিদিনের মতো হোটেলের কাজ শেষে স্ত্রীকে সাথে নিয়ে পাখিভ্যানে বাড়িতে ফিরছিলেন স্বামী। পথিমধ্যে কুষ্টিয়া-ঈশ্বরদী মহাসড়কের বাহিরচর ইউনিয়নের মসলেমপুর এলাকায় কয়েকজন তাদের গতিরোধ করে। দুর্বৃত্তরা স্বামী-স্ত্রীকে পার্শ্ববর্তী একটি লিচু বাগানে নিয়ে যায়। পরবর্তীতে স্বামীকে লিচু গাছে বেঁধে মারধর করে এবং তার সামনেই স্ত্রীকে সংঘবদ্ধ ধর্ষণ করে পালিয়ে যায়। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে ভুক্তভোগীকে উদ্ধার করে থানা হেফাজতে নেয়। ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রব তালুকদার জানান, এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। তাৎক্ষণিকভাবে এ ঘটনায় অভিযুক্ত পাঁচজনকে আটক করা হয়েছে।

## বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শওকত আলী দুই সন্তানের জনক ছিলেন। তার অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

## প্রভাবশালীদের ছায়ায় গোভিপুর

কয়েকজন অভিভাবক। তবে তারা নাম প্রকাশে অনিচ্ছুক। মাদ্রাসার সুপার রমজান আলী এই বিষয়ে জানান, "বিষয়টি নিয়ে এলাকায় কিছু ভুল বোঝাবুঝি তৈরি হয়েছে। আমরা সবাইকে নিয়ে বসে একটা সমাধানের চেষ্টা করছি। শিক্ষা প্রতিষ্ঠান যেন অস্থিরতায় না পড়ে, সেটা সবার আগে দেখতে হবে।" তবে স্থানীয়রা বলছেন, এই ভুল বোঝাবুঝি আসলে 'ইচ্ছাকৃত অস্বচ্ছতা' থেকে তৈরি হয়েছে। তনি আগে পতিত আওয়ামী লগির রেঅকজনকে ম্যানেজ করে কমিটি করতো ইচ্ছা মতো। এখন জামায়তে ইসলামের লোকজন নিয়ে কমিটি গঠন করছে। তিনি গোপনে তফসিল ঘোষনা করেছেন। এক ব্যক্তিকে দিয়েই পাঁচটি মোননয়ন পত্র তুলিয়েছেন। এই তফসিল বাতিল কতে হবে, পুনরায় নিয়ম মাফিক ভাবে নতুন তফসিল ঘোষনা করতে হবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের গাইডলাইন অনুযায়ী, কোনো দাখিল বা আলিম মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটি গঠনের আগে নির্ধারিত তফসিল প্রকাশ, ভোটার তালিকা প্রস্তুত, মনোনয়নপত্র গ্রহণ এবং প্রকাশ্য ভোটের মাধ্যমে অভিভাবক সদস্য নির্বাচন করার কথা। কিন্তু গোভিপুর মাদ্রাসায় এসব ধাপের কোনো প্রমাণ নেই বলে স্থানীয়রা দাবি করছেন। এলাকাবাসীর লিখিত অভিযোগ বা গণস্বাক্ষর এখনো উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে জমা পড়েনি বলে জানা গেছে। নাম প্রকাশে অনিচ্ছুক এক প্রশাসনিক কর্মকর্তা জানান, "সুনির্দিষ্ট অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। তবে এখন পর্যন্ত আনুষ্ঠানিকভাবে কেউ কিছু জানায়নি।" সংস্থাটির মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকাবিষয়ক উপ-পরিচালক ক্রিস্টিন বেকারলে বলেন, 'আমরা এক ভয়াবহ প্রবণতা দেখতে পাচ্ছি, যেখানে এমনসব অপরাধে বিদেশিদের ক্রমবর্ধমান হারে মৃত্যুদণ্ড দেওয়া হচ্ছেড় যেগুলোর জন্য কখনোই এমন কঠোর শাস্তি প্রযোজ্য হওয়া উচিত নয়।' বিশ্লেষকরা বলছেন, সৌদি আরবের বিচারব্যবস্থায় বিদেশিদের জন্য ভাষাগত ও আইনি সহায়তার ঘাটতি থাকায় সুষ্ঠু বিচার প্রক্রিয়া নিয়ে প্রশ্ন রয়েছে। সেইসঙ্গে, অপরাধের ধরন ও শাস্তির ভারসাম্য নিয়েও আন্তর্জাতিক মহলে সমালোচনা বাড়ছে।

## 'জুলাই ঘোষণাপত্র' ৫ আগস্ট মানিক

এবার আনুষ্ঠানিকভাবে 'জুলাই ঘোষণাপত্র' ঘোষণা করা হবে। ওই দিন বাংলাদেশের জনগণ এক অভাবনীয় গণ-আন্দোলনের মাধ্যমে ফ্যাসিস্ট শাসককে ক্ষমতাচ্যুত করে দেশের জন্য নতুন সূচনা করেন। আয়োজনে সকাল ১১টায় সাংস্কৃতিক ও নাগরিক কর্মসূচি শুরু হবে।'

## জুলাইয়ে প্রায় আড়াই বিলিয়ন ডলার

ব্যাংকের মধ্যে কৃষি ব্যাংকের মাধ্যমে এসেছে ২২ কোটি ৯২ লাখ ২০ হাজার ডলার, বেসরকারি ব্যাংকের মাধ্যমে এসেছে ১৬৮ কোটি ৯৭ লাখ ৬০ হাজার ডলার এবং বিদেশি ব্যাংকের মাধ্যমে এসেছে ১ কোটি ১৩ লাখ ডলার। এর আগে সদ্য সমাপ্ত ২০২৪-২৫ অর্থবছরের শেষ মাস জুনে দেশে এসেছে ২৮১ কোটি ৮০ লাখ ডলারের রেমিট্যান্স, যা ছিল একক মাস হিসেবে তৃতীয় সর্বোচ্চ। ওই মাসে প্রতিদিন গড়ে দেশে এসেছে ৯ কোটি ৪০ লাখ ডলার, অর্থাৎ এক হাজার ১৪৭ কোটি টাকা। গত অর্থবছরের অন্যান্য মাসেও রেমিট্যান্সের ঊর্ধ্বমুখী ধারা লক্ষ্য করা গেছে। বিশেষ করে মে মাসে এসেছে ২৯৭ কোটি ডলার এবং মার্চে এসেছে সর্বোচ্চ ৩২৯ কোটি ডলার রেমিট্যান্স।

## চুয়াডাঙ্গা সীমান্তে বিজিবির বিশেষ

ভারতীয় শাড়ি, ৮০টি মোবাইল ফোনের ডিসপ্লে, একটি ভারতীয় আইফোন, ২৯২ পিস কসমেটিকস সামগ্রীসহ অন্যান্য বিভিন্ন চোরাচালানপণ্য চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের পরিচালক লে. কর্নেল নাজমুল হাসান বলেন, "বিজিবির এই সফল অভিযান আমাদের পেশাদারিত্ব এবং সীমান্ত নিয়ন্ত্রণে সক্রিয় তৎপরতার প্রমাণ। সীমান্তে মাদক ও চোরাচালান নির্মূলে আমাদের অভিযান অব্যাহত থাকবে।" তিনি আরও জানান, সীমান্ত এলাকায় দীর্ঘদিন ধরে সক্রিয় চোরাচালান ও মাদকচক্রের বিরুদ্ধে গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে। সম্ভাব্য অনুপ্রবেশ পয়েন্টগুলো চিহ্নিত করে সেখানে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্টদের মতে, বিজিবির এই তৎপরতা সীমান্তে আইন-শৃঙ্খলা রক্ষায় একটি শক্তিশালী বার্তা দিয়েছে এবং স্থানীয় জনগণের মধ্যে আস্থা সৃষ্টি করেছে।